কালের কণ্ঠ

তারিখ ... 07 OCT 2015 ...
পৃষ্ঠা ২০ কলাম ২

# মেডিক্যাল ভর্তীচ্ছুরা অবস্থান নিয়েছে শহীদ মিনারে

## আজ দেশব্যাপী বামপন্থী দুই জোটের ছাত্র ধর্মঘট

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

প্রশ্নপত্র ফাঁসের দায়ে মেডিক্যালে ভর্তি পরীক্ষার ফল বাতিল এবং পুনরায় ভর্তি পরীক্ষার দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান অব্যাহত রেখেছে ভর্তীচ্ছুরা। গত রবিবার শাহবাগ মোড় অবরোধের পরদিন থেকে শহীদ মিনারেই অবস্থান করছে তারা।

প্রশ্নপত্র ফাঁস বন্ধ, জড়িতদের শাস্তি, পুনরায় মেডিক্যাল ভর্তি পরীক্ষা গ্রহণ এবং আন্দোলনকারী ভর্তীচ্ছু ও বাম ছাত্র সংগঠনের নেতাকর্মীদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে দেশব্যাপী সব শিক্ষাপ্রতিষ্ঠানে আজ বুধবার ছাত্র ধর্মঘট পালন করবে বামপন্থী দুই ছাত্রজোট। ধর্মঘটের সমর্থনে প্রগতিশীল ছাত্রজোট ও সাম্রাজ্যবাদ বিরোধী ছাত্রঐক্য গতকাল মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## মেডিক্যাল ভর্তীচ্ছুরা

▶▶ শেষ পৃষ্ঠার পর

মশাল মিছিল করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে গতকাল এক সংবাদ সম্মেলনে দুই জোটের পক্ষে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি ইমরান হাবিব রুম্মন বলেন, 'প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িতদের বিচার ও পুনরায় পরীক্ষা গ্রহণের সময় বেঁধে দিয়েছিলাম আমরা। কিন্তু স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে দায়িত্বশীল কোনো বক্তব্য না দেওয়ায় দেশব্যাপী সর্বাত্মক ধর্মঘট পালিত হবে। সকাল থেকে দুপুর ১টা পর্যন্ত এ ধর্মঘট পালনের জন্য সব শিক্ষার্থীর প্রতি আহ্বান জানাচ্ছি।'

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক জি এম জিলানী শুভ, ছাত্র ফেডারেশনের সভাপতি লেলিন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সদস্য নাঈমা খালেদ মনিকা, উম্মে হাবিবাসহ বাম সংগঠনের নেতারা।

এদিকে মেডিক্যালে পুনরায় ভর্তি পরীক্ষা গ্রহণের দাবিতে দুপুর ১২টায় বিক্ষোভ মিছিল বের করে বাংলাদেশ ছাত্রমৈত্রী। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে শহীদ মিনারে ভর্তীচ্ছুদের সঙ্গে মিলিত হয়।